

প্রথম আলো

**ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবার
 লক্ষাধিক ভর্তি ফরম বিক্রি
 প্রতি আসনের বিপরীতে গড়ে ২১টি**

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৫-০৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষায় এগার লক্ষাধিক শিক্ষার্থী অংশ নিচ্ছেন। প্রতি আসনের বিপরীতে গড়ে ২১ জন প্রার্থী ফরম কিনেছেন। আগামী ২০ জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে। এবার চার ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল বৃহস্পতিবার ছিল ফরম কেনা ও ছানা দেওয়ার শেষ দিন। বরাবরের মতো শেষ দিনে সকাল থেকেই ফরম কেনা ও ছানা দিতে ব্যাংক এবং একাডেমিক ভবনে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ও অভিভাবকরা ভিড় ছাযান। এখণ্ডে 'ক' ইউনিটে ২৫ হাজার ৭৮৪টি, 'খ' ইউনিটে ১৬ হাজার ৮৭৮টি, 'গ' ইউনিটে ২৪ হাজার ৩ 'ঘ' ইউনিটে ৩৪ হাজার ৩৪৭টি ফরম বিক্রি হয়েছে। গত ৭ ডিসেম্বর থেকে ফরম বিক্রি শুরু হয়। এবার ১ লাখ ১ হাজার ফরম বিক্রি হয়েছে। গত বছর এ সংখ্যা ছিল প্রায় ৮৮ হাজার। চলতি শিক্ষাবর্ষে ৪ হাজার ৫২৮টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে।

আগামী ২০ জানুয়ারি 'গ' ইউনিট, ২৭ জানুয়ারি 'খ' ইউনিট, ৩ ফেব্রুয়ারি 'ক' ইউনিট এবং ১০ ফেব্রুয়ারি 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবারও ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য নম্বর কাটার বিধান রয়েছে। যেসব বৈশিষ্টিক প্রশ্নের চারটি উত্তর থাকবে তার প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর এবং যেসব প্রশ্নের পাঁচটি উত্তর থাকবে তার প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২০ নম্বর কাটা যাবে।

এদিকে এবার বেশি দামে ফরম বিক্রি ও ফরম নিয়ে কেচিং সেন্টারগুলোর প্রভাবশালী অভিযোগ পাওয়ার গেছে। কয়েকজন শিক্ষার্থী প্রথম আলো কার্যালয়ে এসে অভিযোগ করেছেন, অবজার্ট নামে একটি কেচিং সেন্টার ফরম নিয়ে তাদের সঙ্গে প্রভাবশালী করেছেন।

এ ছাড়া বেশি দামে ফরম কালোবাজারি করায় ছাত্রশিবির পরিচালিত কেচিং সেন্টারের কর্মীসহ পাঁচজনকে পুলিশে সোপর্দ করা হয়েছে। ফরম কেনার জন্য লাইনে দাঁড়ানো নিয়ে ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘাতের ঘটনাও ঘটেছে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ কা ফিরোজ আহমেদ বলেন, ভর্তি ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় শতভাগ স্বচ্ছতা রক্ষায় রাখতে সক্ষম হয়েছে।

এসব ঘটনায় কর্তৃপক্ষ অসহ্য সতর্ক ব্যবস্থা নিতে যাচ্ছে। ফরম বিক্রিতে এখন ইন্টারনেটের মতো সহজলভ্য প্রযুক্তি ব্যবহার করা প্রয়োজন বলে তিনি অভিমত প্রকাশ করেন।

বরাবরের মতোই বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা 'ক' ইউনিটের মাধ্যমে, মানবিক বিভাগের শিক্ষার্থীরা 'খ' ইউনিটের মাধ্যমে, ঐতিহ্য বিভাগের শিক্ষার্থীরা 'গ' ইউনিটের মাধ্যমে এবং বিভাগ পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীরা 'ঘ' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবেন। এবার খেলোয়াড় কেটা থাকছে না। তবে মুক্তিযোদ্ধা উপভোগি এবং পোষা কেটার মাধ্যমে ভর্তি করা হবে।